

কালের কর্ত্তা

মাহিন ০২ টি ১৫৩ ২০১৩
পৃষ্ঠা ৪৩ সাল ৪

আন্দোলনরত শিক্ষক নেতাদের সঙ্গে এইচ টি ইমামের বৈঠক সমাধানের আশ্বাস, কর্মবিরতি চলবে

নিম্ন প্রতিবেদক ▶

বিভিন্ন দাবিতে আন্দোলনরত প্রাথমিক শিক্ষক সমিতির নেতাদের সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রীর জনপ্রশাসন উপদেষ্টা এইচ টি ইমাম। গতকাল বিকেলে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে এইচ টি ইমাম প্রধানমন্ত্রীসহ সরকারের সংগঠিত বাক্তিদের সঙ্গে আলোচনা করে দাবির বাপ্তার সমাধানের আশ্বাস দিলেও সরকারের চূড়ান্ত ঘোষণা না পাওয়া পর্যন্ত ঘোষিত কর্মসূচি অব্যাহত রাখার ঘোষণা দিয়েছেন শিক্ষক নেতারা।

বৈঠকে বাল্লাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির, ঢাকা সন্দেশের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন সমিতির সভাপতি আবুল বাসার ও সাধারণ সম্পাদনা আন্দোলনের ইমলা তোতা। এ সময় বাল্লাদেশ প্রায়জুয়েট প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি ফরিদ উদ্দিন কামাল ও সাধারণ সম্পাদনা বাল্লাদেশ আলম মুবল্লও এ সময় উপস্থিত ছিলেন।

এদিকে গতকাল প্রাথমিক শিক্ষক সমিতির (নুরজামান-আব্দুল্লাহ) ডাকে প্রথম দিন এবং প্রাথমিক শিক্ষক সমিতির (বাসার-তোতা) ডাকে তৃতীয় দিনের মতো কর্মবিরতি পালিত হয়েছে। অধিকাংশ প্রাথমিক বিদ্যালয় সমিতির ডাকে কর্মবিরতি পালন করলেও কোনো কোনো বিদ্যালয় তাদের নিয়মিত পাঠ্যদান অব্যাহত রয়েছে।

প্রাথমিক শিক্ষক সমিতির একাংশের (নুরজামান-আব্দুল্লাহ) নেতারা জানান, আগামী ২ অক্টোবর পর্যন্ত পূর্ণ কর্মবিরতি চালিয়ে যাবেন তাঁরা। এরপর ৩ অক্টোবর কেন্দ্রীয় শহীদ মিনারে গণ-অনুশৰ্দন পালন করা হবে। সমিতির অন্য অংশের (বাসার-তোতা) নেতারা জানিয়েছেন তাঁদের কর্মবিরতি চলবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত। এরপর ১ অক্টোবর তাঁরা কেন্দ্রীয় শহীদ মিনারে মহা-অনুশৰ্দন পালন করা হবে।

জনপ্রশাসন উপদেষ্টার সঙ্গে বৈঠকের বাপ্তারে শিক্ষক নেতারা জানিয়েছেন, এইচ টি ইমাম তাঁদের দাবিগুলো ধৈর্যের সঙ্গে শুনেছেন। তিনি শিগগিরই প্রধানমন্ত্রীসহ সরকারের সংগঠিত বাক্তিদের সঙ্গে আলোচনা করে সমাধানের পথ বের করবেন বলে আশ্বাস দিয়েছেন। আলোচনা ফলপূর্ণ হলেও সরকারের চূড়ান্ত ঘোষণা না পাওয়া পর্যন্ত ঘোষিত কর্মসূচি অব্যাহত থাকবে বলে জানান তাঁরা।